গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

# চেয়ারম্যানের কার্য্যালয়

*৭নং মোস্তফাপুর ইউনিয়ন পরিষদ,পাবর্তীপুর,দিনাজপুর।*

“শেখ হাসিনার মূলনীতি
গ্রাম শহরের উন্নতি”

ই-মেইলঃ chairman.mostafapur@gmail.com, Web Address: www.mostofapurup.dinajpur.gov.bd

স্মারক নং-৪৬.২৭.৭৭৬৯.০০০.৯৯.০২৫.২০২২- তারিখঃ -০৯/০২/২০২২ ইং

বরাবর.

উপজেলা নির্বাহী অফিসার

পাবর্তীপুর, দিনাজপুর।

**বিষয় ঃ নবনির্বাচিত চেয়াম্যান ও সদস্য/সদস্যাগণের প্রথম সভার কার্যবিবরণী ও প্যানেল চেয়ারম্যানের তথ্যাদি প্রেরণ প্রসঙ্গে।**

উপরোক্ত বিষয়ের প্রেক্ষিতে জানানো যাইতেছে যে, অত্র ৭নং মোস্তফাপুর ইউনিয়নের_নবনির্বাচিত চেয়াম্যান ও সদস্য/সদস্যাগণের প্রথম সভার কার্যবিবরণী ও প্যানেল চেয়ারম্যানের তথ্যাদি মহোদয়ের সদয় অবগতি ও পরবর্তী প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহনের জন্য প্রেরণ করা হইল।

স্বাক্ষরিত-

০৯/০২/২০২২

(মোঃ মতিয়ার রহমান প্রামানিক)
চেয়ারম্যান
৭নং মোস্তফাপুর ইউনিয়ন পরিষদ
পাবর্তীপুর, দিনাজপুর।

(১) সভার কার্যবিবরণী অনুলিপি-০৬ পাতা

# সভার কার্য্য বিবরণী বহি

সভার নংঃ ০০১

সভার তারিখ ঃ ০৮/০২/২০২২
রোজ- : বুধবার
সময় ঃ ১১.৩০ ঘটিকা
স্থান ঃ ৭নং মোস্তফাপুর ইউপি

উপস্থিত সদস্যদের নাম ও স্বাক্ষর ঃ-

| ক্র: নং | নাম | পদবী | স্বাক্ষর |
|---|---|---|---|
| ০১ | মোঃ মতিয়ার রহমান প্রামানিক | চেয়ারম্যান | স্বাক্ষরিত |
| ০২ | মোছাঃ রুবিনা খাতুন | ইউপি সদস্যা | স্বাক্ষরিত |
| ০৩ | মোছাঃ শাপলা খাতুন | ইউপি সদস্যা | স্বাক্ষরিত |
| ০৪ | মোছাঃ মোসলেমা বেগম | ইউপি সদস্যা | স্বাক্ষরিত |
| ০৫ | মোঃ আজাহার আলী | ইউপি সদস্য | স্বাক্ষরিত |
| ০৬ | মোঃ মোকছেদুল সরকার | ইউপি সদস্য | স্বাক্ষরিত |
| ০৭ | মোঃ মিজানুর রহমান | ইউপি সদস্য | স্বাক্ষরিত |
| ০৮ | মোঃ মোয়াজ্জেম হোসেন | ইউপি সদস্য | স্বাক্ষরিত |
| ০৯ | মোঃ সাইফুল ইসলাম | ইউপি সদস্য | স্বাক্ষরিত |
| ১০ | মোঃ মাহবুব আলম শাহ্ | ইউপি সদস্য | স্বাক্ষরিত |
| ১১ | ইয়াকিন আলী | ইউপি সদস্য | স্বাক্ষরিত |
| ১২ | মোঃ মেহেদুল ইসলাম | ইউপি সদস্য | স্বাক্ষরিত |
| ১৩ | মোঃ মাহাবুর রহমান | ইউপি সদস্য | স্বাক্ষরিত |
| ১৪ | মোঃ সোহেল | ইউপি সচিব (আহব্বায়ক) | স্বাক্ষরিত |

**<u>আলোচ্য বিষয়সমূহঃ</u>**

আলোচ্য বিষয়ঃ-

১। পবিত্র কোরআন থেকে তেলাওয়াত।
২। পারস্পারিক পরিচিতি, মত বিনিময় ও স্বাগত বক্তব্য।
৩। দায়িত্ব হস্তান্তর ও গ্রহণ।
৪। মাসিক সভার তারিখ নির্ধারণ।
৫। গ্রাম আদালতের তারিখ নির্ধারণ।
৬। ব্যাংক হিসাব সমূহের স্বাক্ষর পরিবর্তন।
৭। চেয়ারম্যান প্যানেল গঠন।
৮। ইউনিয়ন কমিটি সমূহ সংশোধন।
৯। স্ট্যান্ডিং কমিটি গঠন।
১০। ওয়ার্ড সভার তারিখ নিদ্ধারন ।
১১। ইউনিয়ন পর্যায়ে হোল্ডিং এসেস্টমেন্ট ও নাম্বার প্লেট স্থাপন সংক্রান্ত:
১২। পঞ্চ বার্ষিক উন্নয়ন পরিকল্পনা
১৩। বিবিধ।

আলোচনা ও সিদ্ধান্তঃ

**০১। পবিত্র কোরআন থেকে তেলাওয়াতঃ-**

অদ্যকার সভায় সভাপতিত্ব করেন নবনির্বাচিত চেয়ারম্যান জনাব মোঃ মতিয়ার রহমান প্রামানিক, চেয়ারম্যান, ৭নং মোস্তফাপুর ইউনিয়ন পরিষদ, পাবর্তীপুর,দিনাজপুর সভাপতি মহোদয় সকলকে শুভেচ্ছা জানিয়ে সভার কাজ শুরু করেন। সভার শুরুতে পবিত্র কোরআন থেকে তেলাওয়াত করেন জনাব হাফেজ মোঃ আব্দুল কাদের, শিক্ষক, আমবাড়ী বালিকা উচ্চ বিদ্যালয়। তিনি অত্র ইউনিয়ন পরিষদের সরকারি ও সার্বিক কার্যক্রম পরিচালনায় সকলের আন্তরিক সহযোগীতা কামনা করেন। এরপর সভাপতি মহোদয় ইউপি সচিব জনাব মোঃ সোহেল- কে সভা পরিচালনার জন্য অনুরোধ জানান।

**০২। পারস্পারিক পরিচিতি, মত বিনিময় ও স্বাগত বক্তব্যঃ**

প্রথমে ইউপি সচিব জনাব মোঃ সোহেল নিজের পরিচয় প্রদান করেন। এরপর সকল সদস্য সহ উপস্থিত সকলকে নিজের পরিচয় প্রদান করার অনুরোধ জানান। সকল সদস্যসহ সংশ্লিষ্ট সকলে নিজের পরিচয় প্রদান করেন ও পারস্পারিক মত বিনিময় করেন। ইউপি সচিব মোঃ সোহেল, সভায় জানান বিগত ০৫ই জানুয়ারী ২০২২ ইং তারিখে স্থানীয় সরকার নির্বাচন অনুষ্ঠিত হয় এবং গেজেট প্রকাশিত হয়। উক্ত গেজেটের আলোকে ০৭ ই ফেবুয়ারী ২০২২ ইং তারিখ দিনাজপুর জেলা প্রশাসক মহোদয়ের কার্যালয় সকাল ১১-০০ ঘটিকায় শপথ অনুষ্ঠিত হয়। অদ্য সকাল ১১.০০ ঘটিকায় পবিত্র কোরআন থেকে তেলাওয়াতের মাধ্যেমে নবনির্বাচিত পরিষদের প্রথম সভা অনুষ্ঠিত হচ্ছে। চেয়ারম্যান মহোদয়ের অনুমতিক্রমে অদ্যকার সভায় সকলকে স্বাগতম জানাচ্ছি। প্রথমেই নবনির্বাচিত চেয়ারম্যান ও সদস্যগণকে ফুল দিয়ে বরণ করে নিবেন ৭নং মোস্তফাপুর ইউনিয়ন পরিষদের সচিব মোঃ সোহেল, এরপর ফুল দিয়ে বরণ করে নেওয়া হয়। এরপর ইউপি সচিব সকলকে প্রাণবন্ত আলোচনায় অংশ নেওয়ার আহবান জানান।

**০৩।     দায়িত্ব হস্তান্তর ও গ্রহণ :-**

ইউপি সচিব সভায় জানান স্থানীয় সরকার ইউনিয়ন পরিষদ আইন ২০০৯ এর ৩০ নং ধারায় বলা আছে পরিষদ গঠনের পর পূর্ববর্তি চেয়ারম্যানের দায়িত্ব প্রাপ্ত সদস্য তাহার দখলে বা নিয়ন্ত্রণে থাকা পরিষদের সকল নগদ অর্থ, পরিসম্পদ, দলিল দস্তাবেজ, রেজিস্টার ও সীলমোহর যতশীঘ্র সম্ভব অথবা উপজেলা অপসার কর্তৃক স্বীরকৃত তারিখ, সময় ও স্থানে নতুন নির্বাচিত চেয়ারম্যান বা ক্ষেত্রমত, মনোনীত প্যানেল চেয়ারম্যান বা চেয়ারম্যানের দায়িত্ব প্রাপ্ত সদস্যের নিকট পরিষদের সচিব ও উপজেলা নির্বাহী অফিসারের মনোনীত এক জন প্রথম শ্রেণীর কর্মকর্তার উপস্থিতিতে বুঝাইয়া দিবেন। অদ্যকার সভায় দায়িত্ব হস্তান্তর ও গ্রহণ সর্ম্পকে ব্যাপক আলোচনা অনুষ্ঠিত হয়। আলোচনা শেষে সাবেক চেয়ারম্যান জনাব, মোঃ ছাবেনুর রহমান সাহেবের সাথে আলোচনা করে অতি দ্রুত অন্যান্য রেকর্ড পত্র বুঝে নেওয়ার জন্য নব নির্বাচিত চেয়ারম্যান সাহেবকে সিদ্ধান্ত প্রদান করা হয়।

**০৪।     মাসিক সভার তারিখ নির্ধারণঃ-**

ইউপি সচিব সভায় জানান স্থানীয় সরকার ইউনিয়ন পরিষদ আইন ২০০৯ এর ৪২ নং ধারার ১নং উপধারায় বলা আছে প্রত্যেক পরিষদের কার্যালয় প্রতিমাসে অন্যূন একটি সভা অনুষ্ঠানের ব্যবস্থা করিবে এবং উক্ত সভা অফিস সময়ের মধ্যে অনুষ্ঠিত হইবে। উক্ত বিষয়ে ব্যাপক আলোচনা অনুষ্ঠিত হয়। আলোচনা শেষে সর্ব সম্মত সিদ্ধান্ত হয় যে, প্রত্যেক ইংরেজী মাসের ২৫ তারিখে ইউনিয়ন পরিষদের মাসিক সভা অনুষ্ঠিত হবে তবে, উক্ত তারিখে যদি সরকারী ছুটি থাকে তাহলে পরবর্তী প্রথম কর্মদিবসে মাসিক সভা অনষ্ঠিত হইবে।

**০৫।     গ্রাম আদালতের তারিখ নির্ধারণঃ-**

ইউপি সচিব সভায় জানান স্থানীয় সরকার ইউনিয়ন পরিষদ আইন ২০০৯ এর গ্রামআদালত বিধিমালা ২০১৬এর বিধান অনুযায়ী গ্রাম আদালত পরিচালনা করা আবশ্যক। সরকারী অফিস খোলার দিন গ্রাম আদালত পরিচালনা করতে হবে। উক্ত বিষয়ে ব্যাপক আলোচনা অনুষ্ঠিত হয়। আলোচনা শেষে সর্ব সম্মত সিদ্ধান্ত হয় যে, প্রত্যেক সপ্তাহের প্রতি বৃহস্পতিবার সকাল ১০.০০ ঘটিকায় গ্রাম আদালত অনুষ্ঠিত হবে। তবে, উক্ত তারিখে যদি সরকারী ছুটি থাকে তাহলে পরবর্তী বৃহস্পতিবার আদালতের কার্যক্রম চলিবে।

**০৬।     ব্যাংক হিসাব সমূহের চেক অপারেটর পরিবর্তনঃ-**

ইউপি সচিব সভায় জানান স্থানীয় সরকার ইউনিয়ন পরিষদ আইন ২০০৯ এর ৪২ নং ধারার ৫৩নং ধারার ১নং উপধারায় বলা আছে প্রত্যেক ইউনিয়ন পরিষদের জন্য সংশ্লিষ্ট পরিষদের নামে একটি তহবিল থাকবে। উক্ত বিষয়ে ব্যাপক আলোচনা অনুষ্ঠিত হয়। আলোচনা শেষে সর্ব সম্মত সিদ্ধান্ত হয় যে, অত্র ইউনিয়ন পরিষদের সকল ব্যাংক হিসাব নাম্বারের চেক অপারেটর নিম্নক্ত ছকের ৪নং ক্রমিকে বর্নিত ব্যক্তিগণের সমন্বয়ে ব্যাংক হিসাব পরিচালিত হবে।

"ছক"

| ক্রমিক নং | হিসাব নম্বর, ব্যাংক হিসাব নং ও শাখার নাম | বর্তমান হিসাব পরিচালনাকারীদের নাম | পরিবর্তিত হিসাবে পরিচালনা কারীদের নাম ও পদবী |
|---|---|---|---|
| ১ | ২ | ৩ | ৪ |
| ০১ | ১৮২২২০০০০০৯৭৯<br>সোনালী ব্যাংক, হুগলীপাড়া শাখা, দিনাজপুর। | ১। মোঃ ছাবেনুর আলম<br>চেয়ারম্যান, ৭নং মোস্তফাপুর ইউপি, পাবর্তীপুর,দিনাজপুর।<br>২। মোঃ সোহেল<br>সচিব, ৭নং মোস্তফাপুর ইউপি, পাবর্তীপুর,দিনাজপুর।<br>৩। মোছাঃ শাহানাজ পারভীন<br>ইউপি সদস্যা, ৭নং মোস্তফাপুর ইউপি, পাবর্তীপুর,দিনাজপুর। | ১। মোঃ মতিয়ার রহমান প্রামানিক<br>চেয়ারম্যান, ৭নং মোস্তফাপুর ইউপি, পাবর্তীপুর,দিনাজপুর।<br>২। মোঃ সোহেল<br>সচিব, ৭নং মোস্তফাপুর ইউপি, পাবর্তীপুর,দিনাজপুর।<br>৩। মোছাঃ মোসলেমা খাতুন<br>ইউপি সদস্যা, ৭নং মোস্তফাপুর ইউপি, পাবর্তীপুর,দিনাজপুর। |
| ০২ | ১৮২২৬০২০০০৬৯৬<br>সোনালী ব্যাংক, হুগলীপাড়া শাখা, দিনাজপুর। | ১। মোঃ ছাবেনুর আলম<br>চেয়ারম্যান, ৭নং মোস্তফাপুর ইউপি, পাবর্তীপুর,দিনাজপুর।<br>২। মোঃ সোহেল<br>সচিব, ৭নং মোস্তফাপুর ইউপি, পাবর্তীপুর,দিনাজপুর। | ১। মোঃ মতিয়ার রহমান প্রামানিক<br>চেয়ারম্যান, ৭নং মোস্তফাপুর ইউপি, পাবর্তীপুর,দিনাজপুর।<br>২। মোঃ সোহেল<br>সচিব, ৭নং মোস্তফাপুর ইউপি, পাবর্তীপুর,দিনাজপুর। |
| ০৩ | ২০-২৪২<br>রাজশাহী কৃষি উন্নয়ন ব্যাংক, আমবাড়ী শাখা,<br>পাবর্তীপুর,দিনাজপুর। | ১। মোঃ ছাবেনুর আলম<br>চেয়ারম্যান, ৭নং মোস্তফাপুর ইউপি, পাবর্তীপুর,দিনাজপুর।<br>২। মোঃ সোহেল<br>সচিব, ৭নং মোস্তফাপুর ইউপি, পাবর্তীপুর,দিনাজপুর। | ১। মোঃ মতিয়ার রহমান প্রামানিক<br>চেয়ারম্যান, ৭নং মোস্তফাপুর ইউপি, পাবর্তীপুর,দিনাজপুর।<br>২। মোঃ সোহেল<br>সচিব, ৭নং মোস্তফাপুর ইউপি, পাবর্তীপুর,দিনাজপুর। |
| ০৪ | ২১৬/৫<br>রাজশাহী কৃষি উন্নয়ন ব্যাংক, আমবাড়ী শাখা,<br>পাবর্তীপুর,দিনাজপুর। | ১। মোঃ ছাবেনুর আলম<br>চেয়ারম্যান, ৭নং মোস্তফাপুর ইউপি, পাবর্তীপুর,দিনাজপুর।<br>২। মোঃ সোহেল<br>সচিব, ৭নং মোস্তফাপুর ইউপি, পাবর্তীপুর,দিনাজপুর। | ১। মোঃ মতিয়ার রহমান প্রামানিক<br>চেয়ারম্যান, ৭নং মোস্তফাপুর ইউপি, পাবর্তীপুর,দিনাজপুর।<br>২। মোঃ সোহেল<br>সচিব, ৭নং মোস্তফাপুর ইউপি, পাবর্তীপুর,দিনাজপুর। |
| ০৫ | ১৮২২২০০০০১৪৯৩<br>সোনালী ব্যাংক, হুগলীপাড়া শাখা, দিনাজপুর। | ১। মোঃ ছাবেনুর আলম<br>চেয়ারম্যান, ৭নং মোস্তফাপুর ইউপি, পাবর্তীপুর,দিনাজপুর।<br>২। মোঃ সোহেল<br>সচিব, ৭নং মোস্তফাপুর ইউপি, পাবর্তীপুর,দিনাজপুর। | ১। মোঃ মতিয়ার রহমান প্রামানিক<br>চেয়ারম্যান, ৭নং মোস্তফাপুর ইউপি, পাবর্তীপুর,দিনাজপুর।<br>২। মোঃ সোহেল<br>সচিব, ৭নং মোস্তফাপুর ইউপি, পাবর্তীপুর,দিনাজপুর। |
| ০৬ | ১৮২২৬০২০০০৮৩১<br>সোনালী ব্যাংক, হুগলীপাড়া শাখা, দিনাজপুর। | ১। মোঃ ছাবেনুর আলম<br>চেয়ারম্যান, ৭নং মোস্তফাপুর ইউপি, পাবর্তীপুর,দিনাজপুর।<br>২। মোঃ সোহেল<br>সচিব, ৭নং মোস্তফাপুর ইউপি, পাবর্তীপুর,দিনাজপুর। | ১। মোঃ মতিয়ার রহমান প্রামানিক<br>চেয়ারম্যান, ৭নং মোস্তফাপুর ইউপি, পাবর্তীপুর,দিনাজপুর।<br>২। মোঃ সোহেল<br>সচিব, ৭নং মোস্তফাপুর ইউপি, পাবর্তীপুর,দিনাজপুর। |

**০৭। চেয়ারম্যান প্যানেল গঠনঃ**

ইউপি সচিব সভায় জানান স্থানীয় সরকার ইউনিয়ন পরিষদ আইন ২০০৯ এর ৩৩ নং ধারার ১নং উপধারায় বলা আছে, পরিষদ গঠিত হইবার পর প্রথম অনুষ্ঠিত সভার ৩০ কার্যদিবসের মধ্যে অগ্রাধিকারক্রমে ৩ (তিন) সদস্যবিশিষ্ট একটি চেয়ারম্যান প্যানেল, সদস্যগণ তাঁহাদের নিজেদের মধ্য হতে নির্বাচন করিবেন। তবে শর্ত থাকে যে, নির্বাচিত ৩ (তিন) জন চেয়ারম্যান প্যানেলের মধ্যে কমপক্ষে ১ (এক) জন সংরক্ষিত আসনের মহিলা সদস্যদের মধ্য হইতে নির্বাচিত হইবেন। উক্ত বিষয়ে ব্যাপক আলোচনা অনুষ্ঠিত হয়। আলোচনা শেষে সর্ব সম্মত সিদ্ধান্ত হয় যে, নিম্ন লিখিত চেয়ারম্যান প্যানেল গঠন করা হয়।

| ক্র: নং | চেয়ারম্যান প্যানেলের নাম | পদবী | ওয়ার্ড নম্বর |
|---|---|---|---|
| ০১ | মোঃ মাহবুব আলম শাহ্ | প্যানেল চেয়ারম্যান-১ | ওয়ার্ড নং-০৬ |
| ০২ | মোঃ সাইফুল ইসলাম | প্যানেল চেয়ারম্যান-২ | ওয়ার্ড নং-০৫ |
| ০৩ | মোছাঃ শাপলা খাতুন | প্যানেল চেয়ারম্যান-৩ | সংরক্ষিত আসন-০২ |

০৮। ইউনিয়ন কমিটি সমূহ সংশোধনঃ-

ইউপি সচিব সভায় জানান, ইউনিয়ন পরিষদের অনেক গুলো কমিটি রয়েছে। উক্ত কমিটি গুলো হতে পূর্ববর্তী চেয়ারম্যান ও সদস্যগণের নাম কর্তন পূর্বক বর্তমান নির্বাচিত চেয়ারম্যান ও সদস্যগণের নাম অন্তর্ভূক্ত করা প্রয়োজন। উক্ত বিষয়ে ব্যাপক আলোচনা অনুষ্ঠিত হয়। আলোচনা শেষে ইউনিয়ন পরিষদের সকল কমিটিতে পূর্ববর্তী চেয়ারম্যান ও সদস্যগণের নাম পরিবর্তন পূর্বক নব নির্বাচিত চেয়ারম্যান ও সদস্যগণের নাম সংযোজনের জন্য সর্বসম্মত সিদ্ধান্ত গৃহিত হয়।

**০৯। স্ট্যান্ডিং কমিটি গঠনঃ-**

ইউনিয়ন পরিষদ আইন ২০০৯ এর ৪৫ নং ধারার ১নং উপধারায় বলা আছে, পরিষদ উহার কার্যাবলী সুচারুরূপে সম্পাদন করিবার জন্য নিম্ন বর্ণিত বিষয়াদির প্রত্যেকটি সম্পর্কে একটি স্থায়ী কমিটি গঠন করিবে।

১। অর্থ ও সংস্থাপন।
২। হিসাব নিরীক্ষা ও হিসাব রক্ষণ।
৩। কর নিরুপন ও আদায়।
৪। শিক্ষা, স্বাস্থ ও পরিবার পরিকল্পনা।
৫। কৃষি মৎস্য ও প্রাণী সম্পদ ও অন্যান্য অর্থনৈতিক উন্নয়নমূলক কাজ।
৬। পল্লী অবকাঠামো উন্নয়ন, সংরক্ষণ ও রক্ষণাবেক্ষণ।
৭। আইন শৃঙ্খলা রক্ষা।
৮। জন্ম-মৃত্যু নিবন্ধন।
৯। স্যানিটেশন, পানি সরবরাহ ও পয়-নিষ্কাশন।
১০। সমাজকল্যাণ ও দূর্যোগ ব্যবস্থাপনা।
১১। পরিবেশ উন্নয়ন, পরিবেশ সংরক্ষণ ও বৃক্ষ রোপন।

১২।	পারিবারিক বিরোধ নিরসন, নারী ও শিশুকল্যাণ।
১৩।	সংস্কৃতি ও খেলাধুলা।

**১০। ইউনিয়ন পর্যায়ে হোল্ডিং এসেস্টমেন্ট ও নাম্বার প্লেট স্থাপন সংক্রান্তঃ-**

এরপর ইউপি সচিব সভায় জানান যে, বিগত ২৬/০১/২০১২ খ্রিঃ তারিখে স্থানীয় সরকার পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, স্থানীয় সরকার বিভাগ, ইপ-১, অধি শাখা, স্মারক নং- স্থাসবি/ইপ/বিবিধ-১/২০১০/৩৮ মোতাবেক হোল্ডিং এসেস্টমেন্ট স্থাপনের বিষয়ে নির্দেশনা রয়েছে। ইউনিয়নে নিজস্ব আয় বৃদ্ধির জন্য হোল্ডিং এসেস্টমেন্ট ও নাম্বার প্লেট স্থাপন একান্ত প্রয়োজন। ইউনিয়নের সকল ওয়ার্ডে জরুরী ভিত্তিতে হোল্ডিং এসেস্টমেন্ট ও নাম্বার প্লেট স্থাপনের বিষয়ে অনুমতি প্রদানের সর্বসম্মত সিদ্ধান্ত গৃহীত হয়।

**১১। ওয়ার্ড সভার তারিখ নিদ্ধারনঃ**
ইউপি সচিব সভায় জানান স্থানীয় সরকার ইউনিয়ন পরিষদ আইন ২০০৯ অনুযায়ী প্রত্যেক ইউনিয়ন পরিষদে ওয়ার্ড সভার নির্দেশনা রয়েছে। । সভায় ব্যাপক আলোচনার পর পরবর্তী সভায় ওয়ার্ড সভার তারিখ নিদ্ধারন করার  সর্বসম্মত সিদ্ধান্ত  গৃহীত হয়।

**১২। পঞ্চ বার্ষিক উন্নয়ন পরিকল্পনাঃ-**
ইউপি সচিব সভায় জানান স্থানীয় সরকার ইউনিয়ন পরিষদ আইন ২০০৯ অনুযায়ী প্রত্যেক ইউনিয়ন পরিষদে পঞ্চ বার্ষিক উন্নয়ন পরিকল্পনা তৈরীর নির্দেশনা রয়েছে। এমতাবস্থায় আগামী ০৫ বছরের জন্য উন্নয়নমূলক কাজের তালিকা তৈরী করা একান্ত আবশ্যক। সভায় ব্যাপক আলোচনার পর পরবর্তী সভায় পঞ্চ বার্ষিক উন্নয়ন পরিকল্পনা তৈরী করার সর্বসম্মত সিদ্ধান্ত  গৃহীত হয়।

**১৩। বিবিধঃ**
পরিশেষে আর কোন আলোচ্য বিষয় না থাকায় সভাপতি সাহেব সকলকে আন্তরিক ধন্যবাদ জানিয়ে সভার কাজ শেষ করেন এবং অত্র সভার কার্য বিবরণী আগামী ০৩ কার্য দিবসের মধ্যে প্রস্তুত করে এর কপি উপজেলা নির্বাহী অফিসার মহোদয়সহ সংশ্লিষ্ট সকলের নিকট আগামী ০৭ কার্য দিবসের মধ্যে প্রেরণের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে ইউপি সচিব কে বলা হলো।

(মোঃ মতিয়ার রহমান প্রামানিক)
চেয়ারম্যান
৭নং মোস্তফাপুর ইউনিয়ন পরিষদ
পাবর্তীপুর,দিনাজপুর।